

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১৬২

তারিখ : ২৮-০৫-২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইউজিসি চেয়ারম্যানকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অভিনন্দন

দ্বিতীয় মেয়াদে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান পদে নিয়োগ পাওয়ায় বিশিষ্ট ইতিহাসবিদ প্রফেসর ড. কাজী শহীদুল্লাহকে অভিনন্দন জানিয়েছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ। আজ এক অভিনন্দন বার্তায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শিক্ষক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ একজন প্রথিতযশা ইতিহাসবিদ, জ্ঞান, প্রজ্ঞা, সততা, যোগ্যতা, দৃঢ়তা ও অভিজ্ঞতায় এক অসাধারণ ব্যক্তিত্ব। বাংলাদেশের উচ্চশিক্ষার ধারাকে অব্যাহত রাখতে ইউজিসির সর্বোচ্চ পদে দ্বিতীয় মেয়াদে তাকে নিয়োগ প্রদানের মাধ্যমে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সততা, যোগ্যতা ও অভিজ্ঞতার যথার্থ মূল্যায়ন করেছেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘স্মার্ট বাংলাদেশ’ গঠনে যুগোপযোগী উচ্চ শিক্ষা ও গবেষণা বিষয়ক নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে অধ্যাপক কাজী শহীদুল্লাহ অগ্রণী ভূমিকা পালন করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। একই সাথে তাঁর নেতৃত্বে মানসম্মত উচ্চশিক্ষা, গবেষণা ও নানা-মুখী শিক্ষামূলক কর্মসূচির মাধ্যমে আগামী বাংলাদেশ এগিয়ে যাবে। এই নতুন পথযাত্রায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ তাঁর সার্বিক সাফল্য কামনা করেন।

Muhammad 28.05.2023

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।